# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

**MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY**

**শ্রীমঙ্গল, মৌলভীবাজার**

☎ ০৮৬২৬-৭১৪৫০ @ mbazar_pbs@yahoo.com

pbs.moulvibazar.gov.bd

**ISO 9001:2015 Certified**


স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৫.৪৬৮০

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও ভাতা | বয়সসীমা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৬ (ছয়) টি (কম/ বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ (সংশোধিত-২০২১) অনুযায়ী ১৮,৩০০/= হতে ৪৬,২৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ২৮/০৮/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। | (ক) এস.এস.সি বা সমমান ও এইচ.এস.সি বা সমমান উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ (জিপিএ ৫ এর মধ্যে) থাকতে হবে। কোনক্রমেই ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২০(বিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপে সক্ষম হতে হবে।<br>(গ) কম্পিউটার টাইপে পর্যাপ্ত জ্ঞান থাকা এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) আদেশ অনুযায়ী সুন্দর ও পরিচ্ছন্ন কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(চ) সঠিক নথি পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>(ছ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, এক্সেল, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এবং কম্পিউটারে মৌলিক বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা ব্যতিত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ। |
| ০২ | সহকারী ক্যাশিয়ার | ০২ (দুই) টি (কম/ বেশি হতে পারে) | | | (ক) এস.এস.সি বা সমমান ও এইচ.এস.সি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে গণিতে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিসের যন্ত্রপাতিসমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা দিতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। | |

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও ভাতা | বয়সসীমা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | ড্রাইভার | ০১ (এক) টি (কম/ বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ (সংশোধিত-২০২১) অনুযায়ী ১৬,৬০০/= হতে ৪১,৯৫০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ২৮/০৮/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ পিএসসি/জেএসসি/ জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) বিবেচিত হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত লাইসেন্স এর অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।<br>(গ) প্রার্থীর যে কোন সরকারী/আধা সরকারী/ স্বায়ত্ত্বশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানসহ গাড়ি চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের কর্মকালকে অভিজ্ঞতার কার্যকাল হিসেবে গণ্য করা হবে। বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।<br>(ঘ) বাপবিবোর্ড/পবিস কর্তৃক আয়োজিত ড্রাইভিং টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(ঙ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র ও সুস্বাস্থ্যের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে।<br>(চ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(ছ) বাপবিবোর্ড/পবিস এর অনুমোদিত ডাক্তার কর্তৃক প্রার্থীর চোখের দৃষ্টি পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা ব্যতিত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ। |

**শর্তাবলীঃ ( আবেদনপত্র দাখিলের নিয়মাবলী )**

০১। **১নং ক্রমিকে বর্ণিত ডাটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইটে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি, স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৩.১৯৮২, তারিখ-১৩/০৪/২০২৩ খ্রিঃ এবং জাতীয় "দৈনিক যুগান্তর" ও "দি নিউ এইজ" পত্রিকায় গত ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন যে সকল প্রার্থী যথাযথ ভাবে আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে এবং তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০২। আবেদনকারীগণকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (pbs.moulvibazar.gov.bd) হতে আবেদন ফরম(ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোডপূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/০৮/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতিত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতিত সরাসরি কিংবা ২৮/০৮/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ (সকল কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে)।**

(ক) ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্ক শীট ও প্রশংসা পত্র গ্রহণ যোগ্য নয়)।
(ঘ) কম্পিউটার পরিচালনার সনদ।
(ঙ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।
(চ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ।
(ছ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
(জ) জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

০৪। অসম্পূর্ণ আবেদন পত্র তথা নির্ধারিত আবেদন ফরমটি যথাযথভাবে পুরণ করা না হলে বা আংশিক পুরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ(প্রযোজ্য ক্ষেত্রে), বার্ষিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে সংশ্লিষ্ট পবিস নির্দেশিকার আলোকে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী) সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা যেতে পারে।

০৬। অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। **খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।**

০৯। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১,০১৪.২৪.১৪১, তারিখ-২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক জারীকৃত সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূন্য পদ পূরণ হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

১১। ইতোপূর্বে সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত/কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

১২। প্রার্থীকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিসে/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই/নির্বাচিত করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০১/৮/২৫

( এ.বি.এম মিজানুর রহমান )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................................................. পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, বি-বাড়ীয়া।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ................................ উপজেলা, মৌলভীবাজার।
১০। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/মৌলভীবাজার কমলগঞ্জ/রাজনগর/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১১। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া/সিন্দুরখান সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
১২। এজিএম(অর্থ-হিসাব/প্রশাসন/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/আইটি/এইচআর/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস (এজিএম(আইটি) বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইটে ও ফেসবুক পেইজে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
১৪। অফিস ফাইল/মাস্টার ফাইল।

০১/৮/২৫

( এ.বি.এম মিজানুর রহমান )
জেনারেল ম্যানেজার